

বোর্ডের বই

রবিবার

বাজারে

আসিবে

(ইত্তেফাক রিপোর্ট)

টেকস্ট বুক বোর্ডের ষষ্ঠ হইতে দশম শ্রেণী পর্যন্ত বিভিন্ন শ্রেণীর সকল পাঠ্যবই আগামী রবিবার হইতে সপ্তাহকালের মধ্যে সারাদেশে সরবরাহ করা সম্ভব হইবে। এই তথ্য বোর্ড সূত্রের।

জানা যায়, বই বাধাইকারী শ্রমিকগণ ধর্মঘট করায় বইগুলি (শেষ পৃ: ১-এর ক: স্র:)

বোর্ডের বই

(১ম পৃ: পর)

মুদ্রণের পর বাধাই না হইয়া উদ্যমে পড়িয়া থাকে। প্রকাশকগণ এই ব্যাপারে আগে হইতে সতর্ক থাকিলে এই ধর্মঘটের কারণে বই সরবরাহে বিলম্ব হইত না বলিয়া অভিজ্ঞ মহলের অভিমত।

এখন বই বাধাইকারী শ্রমিকগণ ধর্মঘট প্রত্যাহার করিয়া লইয়াছে। তবে বাড়ীতে চলিয়া যাওয়া সকল শ্রমিকের বাড়ী হইতে আসিয়া কাজে যোগ দিতে আরও দুই-একদিন সময় লাগিতে পারে। এই দিকে ১৭ই জানুয়ারী হইতে সকল পাঠ্য বই সরবরাহ করার নিশ্চয়তা দিয়াছেন পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি। জাতীয় শিক্ষাক্রম ও টেকস্ট বুক বোর্ডের কর্মকর্তাগণ জানাইয়াছেন যে, নুতন পাঁচটি বই ছাড়া অন্যান্য সকল বই ১৭ই জানুয়ারী হইতে সারাদেশে সরবরাহ শুরু হইবে। প্রত্যন্ত অঞ্চলে বই পৌছিতে তিন দিনের বেশী কোন অবস্থায়ই লাগিবে না। আর নুতন ৫টি বইও পরবর্তী সপ্তাহখানেকের মধ্যে সরবরাহ করা সম্ভব হইবে।